মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৫০২৪/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১২১১৯

তারিখ: ১২-০৯-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৪-০৯-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৮০০১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলাধীন মুড়াগাছা মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব মোঃ গফফার গাজী একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১২-০৯-২০২২
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
02477762705

উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৫০২৪/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১২১১৯ (৬)

তারিখ: ১২-০৯-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
২। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৪। প্রধান শিক্ষক, মুড়াগাছা মাধ্যমিক বিদ্যালয়, পীরগাজন, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৫। অভিযোগকারী, জনাব মোঃ গফফার গাজী (০১৭১০-১১৯৩১৭), পীরগাজন, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৬। অফিস নথি।

১২-০৯-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
02477762705

বরাবর,

চেয়ারম্যান মহোদয়

মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

**বিষয় ঃ সাতক্ষীরা জেলাধীন কালিগঞ্জ উপজেলার মুড়াগাছা মাধ্যমিক বিদ্যালয়ের গত ইং-২৫/০৮/২০২২ তারিখের অনুষ্ঠিত অবৈধ ভোটার তালিকার মাধ্যমে তঞ্চকি, বে-আইনি, যোগসাজসি নির্বাচন বাতিল সহ গত ইং- ৩১/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার আলোকে প্রবিধান ২০০৯ এর ৮ (৩) ধারা উপেক্ষা করে সভাপতি নির্বাচন বাতিল করন প্রসংগে।**

জনাব,

যথা বিহীত সম্মান প্রদর্শন পূর্বক আমার সবিনয় নিবেদন এই যে, আমি মোঃ গফ্ফার গাজী, পিতা- মোঃ ছাকাত গাজী, গ্রাম- মুড়াগাছা, ডাকঘর- পীরগাজন, উপজেলা- কালিগঞ্জ, জেলা- সাতক্ষীরা। আমার কন্যা মোছাঃ রেহানা পারভীন, মুড়াগাছা মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর নিয়মিত ছাত্রী হইতেছে। তার শ্রেণী রোল নং- ২০। প্রকাশ থাকে যে, অত্র বিদ্যালয়ের গত ইং ২৮/০৬/২০২২ তারিখে প্রকাশিত চুড়ান্ত ভোটার তালিকায় অবিভাবক শ্রেণীতে আমার ভোটার ক্রমিক নং- ১৬৬ হইতেছে। বিধি মোতাবেক অত্র বিধ্যালয়ের নিয়মিত কমিটি গঠনের লক্ষে অত্র বিদ্যালয়ের সভাপতি ও প্রধান শিক্ষক যৌথ স্বাক্ষর করতঃ গত ইং ২৮/০৬/২০২২ তারিখে চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেন। যাহাতে মোট ভোটার সংখা ছিল ২২৩ জন। অতঃপর বিধি মোতাবেক গত ইং৩১/০৭/২০২২ তারিখে প্রিজাইডিং অফিসার কতৃক নির্বাচনি তফশীল ঘোষনা করা হয়। তফশীল মতে মনোনয়নপত্র বিতরন ও জমাদানের তারিখ ০৭/০৮/২০২২ হইতে ১০/০৮/২০২২ তারিখ পর্যন্ত। মনোনয়ন পত্র যাচাই বাছায় এর তারিখ ১১/০৮/২০২২ ও প্রত্যাহারের তারিখ ১৪/০৮/২০২২ এবং নির্বাচনের তারিখ ২৫/০৮/২০২২ উল্লেখ পূর্বক ঘোষনা করা হয়। প্রদত্ত তফশীল অনুযায়ী আমি অবিভাবক শ্রেনীর একজন প্রার্থী হিসাবে মনোনয়ন সংগ্রহ করি এবং যাচাই বাছায় এ বৈধ প্রার্থী মর্মে পরিগনিত হইয়া নির্বাচন করি। নির্বাচনী প্রচার প্রচারনা কালে গত ইং- ২৪/০৮/২০২২ তারিখে অনাখিংত ভাবে জানতে পারলাম অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক একটি মহলের প্ররচনায় প্ররোচিত হয়ে একক স্বাক্ষরিত সম্পূর্ন বে-আইনি, বিধি বর্হিভুত ভাবে গত ইং- ১৩/০৮/২০২২ তারিখে চুড়ান্ত ভোটার তালিকা শিরোনামে অবৈধ ০৮ (আট) জন ভোটার সংযুক্ত পূর্বক মোট ২৩১ জন ভোটার বিশিষ্ট ভোটার তালিকা প্রনয়ন করেছেন। উক্ত অবৈধ ভোটার তালিকা প্রনয়নের বিষয়টি প্রধান শিক্ষকের নিকটে জানতে চাইলে তিনি কোন সঠিক জবাব না দিতে পেরে এক কথায় জানিয়ে দেন- আমি পরিস্থিতির স্বিকার। অতঃপর দয়িত্ব প্রাপ্ত প্রিজাইডিং অফিসারকে সৃষ্ট অবৈধ ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন করিতে আপত্তি জানাইলে তিনি যৌক্তিক আপত্তি সমূহ উপেক্ষা করে বিধি বহির্ভূত তঞ্চকি ভোটার তালিকা অনুযায়ী নির্বাচনে ভোট গ্রহন কার্য সম্পাদন করেন। যাহা সম্পূর্ন বে-আইনি ও বিধি বহির্ভূত হইতেছে। ইহা ছাড়াও গত ইং- ৩১/০৮/২০২২ তারিখে একটি বিশেষ মহলের অশুভ প্রভাবে প্রভাবিত প্রিজাইডিং অফিসার তার কার্যালয়ে এক যোগসাজসি সভার মাধ্যমে প্রবিধান ২০০৯ এর ৮ এর (৩) ধারা উপেক্ষা করে অবসর প্রাপ্ত সৈনিক (অষ্টম শ্রেণী পাস) মোঃ হাবিবুর রহমান, পিতা- মোঃ হেশাম শেখ, সাং- আশিকুড়াকে সভাপতি নির্বাচন করিয়াছেন। যাহা বিধি বহির্ভূত ও বাতিল যোগ্য হইতেছে। প্রকাশ থাকে যে, গত ২০১৮ সালে অত্র বিদ্যালয়ের প্রস্তাবিত নিয়মিত কমিটির সভাপতি হিসাবে উক্ত হাবিবুর রহমান এর নাম নির্বাচিত করিয়া অনুমোদনের জন্য বোর্ডে প্রেরন করিলে বিজ্ঞ বোর্ড কর্তৃপক্ষ গত ইং- ১৯/০৬/২০১৮ তারিখে স্মারক নং- বিঅ-৬/৫০২৪/২৬২৯(১-৫) সংযুক্ত পত্র জারি করিয়া হাবিবুর রহমানকে বাতিল পূর্বক ৭ দিনের মধ্যে পূনরায় সভাপতি নির্বাচন করিয়া বোর্ডে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করেন। আরও প্রকাশ থাকে যে, এবার হাবিবুর রহমান এর নামের পূর্বে চাতুরতা অবলম্বন পূর্বক অবসর প্রাপ্ত সৈনিক (অষ্টম শ্রেণী পাস) তথ্যটি উল্লেখ করেন নাই।

অতএব, জনাব দয়া প্রকাশে যাহাতে উল্লেখিত বিদ্যালয়ের বে-আইনি ভোটার তালিকায় অনুষ্ঠিত নির্বাচন বাতিল পূর্বক সুষ্ঠ নির্বাচন এর ব্যবস্থা হয় ও বিধি লংঘিত ভাবে নির্বাচিত সভাপতি পদটি বাতিল হয় তাহার বিহীত ব্যবস্থা করিতে হুজুরের মর্জি হয়।

তাং-

বিনীত

মোঃ গফ্ফার গাজী

সংযুক্তিঃ

১। গত ইং- ২৮/০৬/২০২২ তারিখে প্রকাশিত মোট ভোটার সংখ্যা ২২৩ জন বিশিষ্ট চুড়ান্ত ভোটার তালিকা।

২। গত ইং- ১৩/০৮/২০২২ তারিখে প্রকাশিত মোট ভোটার সংখ্যা ২৩১ জন বিশিষ্ট অবৈধ চুড়ান্ত ভোটার তালিকা।

৩। নির্বাচনী তফশীল।

৪। চুড়ান্ত প্রার্থীর তালিকা।

৫। গত ২০১৮ সালে বোর্ড কর্তৃক জারিকৃত হাবিবুর রহমান এর সভাপতি হিসাবে বাতিলের চিঠি ও রেজুলেশনের কপি।